



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৯০/ক/স্বী/৯১(অংশ-১)/৫২৪

তারিখ: ২৬/৩/২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থী ফারজানা আক্তার জান্নাত এর ২৪/০২/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মিরপুরে অবস্থিত “বি সি আই সি কলেজ” অনলাইনে বোর্ডে টিসি ফরওয়ার্ড করায় বোর্ড কর্তৃপক্ষ অনলাইনে ঢাকা ওরিয়েন্টাল কলেজের শিক্ষার্থী ফারজানা আক্তার জান্নাত এর টিসির আবেদনটি অনুমোদন করে, যার অফিস আদেশ নং টিসি/একাদশ/কলেজ/৩১০৫৯ তারিখ ২৭-০১-২০১৯। বোর্ডের বিধি মোতাবেক উক্ত শিক্ষার্থী ফারজানা আক্তার জান্নাত আপনার কলেজে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি হতে গেলে আপনি তাকে ভর্তি নেননি মর্মে অভিযোগপত্র দাখিল করা হয়েছে। অতঃপর ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থী ফারজানা আক্তার জান্নাত আপনার বরাবর ভর্তির অনুমতির আবেদনের উপর বোর্ডের কলেজ পরিদর্শক আপনাকে উক্ত শিক্ষার্থীকে ভর্তি নেয়ার জন্য লিখিত নির্দেশনা দিলেও আপনি তা প্রতিপালন করেননি।

এমতাবস্থায়, বোর্ডের আদেশ অমান্য করায় কেন বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা পত্র ইস্যুর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে ব্যাখ্যা করার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

বি সি আই সি কলেজ [EiIN: 108222]

মিরপুর, ঢাকা

মেমো নং- ৫২৪ (৪)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সভাপতি, বি সি আই সি কলেজ, ঢাকা
- ৩। অধ্যক্ষ, ঢাকা ওরিয়েন্টাল কলেজ
- ৪। অফিস কপি।

তারিখ: ২৬/৩/২০১৯

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা